



# মৌলিক নীতিগুলি

<<সংসদ সংবিধানটিকে তৈরী ও পরিকল্পিত করেছে সমগ্র ইতালীয় জনগণের জন্য বন্ধু ও ভ্রাতৃহৃদয়ের একটি চুক্তি হিসেবে, যাদের উপর এই নথিটির ভার অর্পিত হয়েছে, যাতে তারা উৎসাহের সাথে এটিকে রক্ষা করে এবং একটি নিয়মিত উপায়ে এটিকে কার্যকর করে।>>

## উমবার্তো টেরাসিনি

বন্ধু ও ভ্রাতৃহৃদয়ের একটি চুক্তি। এটি ছিল উমবার্তো টেরাসিনির লক্ষ্য - তিনজনের একজন যিনি ডি গ্যাসপেরি ও ডি নিকোলার সাথে সংবিধানে স্বাক্ষর করেছেন। এইগুলি ছিল সেই শব্দগুলি যেগুলির মাধ্যমে তিনি 1947 সালে ইতালীয় জনগণের কাছে ইতালীয় আইনসভার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশটি প্রকাশ করেছেন। এটি ছিল সেই সময়, যখন ইতালীয়রা অভিবাসিত হচ্ছিলেন। তারা ইউনাইটেড স্টেটস, জার্মানী ও কানাডা চলে যাচ্ছিল। এখন, বহু বছর বাদে, থাকার জন্য ও মালিগে নেওয়ার জন্য যখন সারা বিশ্ব থেকে প্রতিদিন প্রচুর লোক ইতালী আসছেন, আমি বিশ্বাস করি যে, এই চুক্তিটি আগের চেয়ে আরো বৈধ ও কার্যকর হচ্ছে।

বন্ধু ও ভ্রাতৃহৃদয়ে । হাত প্রসারিত করা এবং সকলের সাথে ভ্রাতৃহৃদয়ে গড়ে তোলার জন্য টেরাসিনি যে আবেদন জানিয়েছিলেন, তার লক্ষ্য এমন একটি দেশ ও তার জনগণ যারা ঠিক তখনই একটি গৃহযুদ্ধ কাটিয়ে উঠেছে। যে দুটি শব্দ নিয়ে আমন্ত্রণ জানানো হয়েছিল, তা হল শান্তি ও অসামরিক সন্মিলন। প্রকৃতপক্ষে বন্ধু কি, এটি কি এরকম কোন সম্পর্ক নয় যেখানে দুই বা ততোধিক পুরুষ ও নারী সন্মিলিত হয়, একে অন্যকে জানে, একে অন্যকে প্রভাবিত করে, পারস্পরিকভাবে পরিবর্তিত হয়, কখনোই নিজের মতামতগুলি অন্যের উপর জোর করে চাপিয়ে দেয় না? ভ্রাতৃহৃদয়ে কি, যদি তা প্রতিদিন, এমনকি মূল্য দিয়ে হলেও শান্তিপূর্ণ ঐক্য সম্ভব না হয়?

আমাদেরকে সেই প্রসঙ্গটি বিবেচনা করতে হবে, যেখানে সংবিধানটিকে স্থাপিত করা হয়েছিল। ফ্যাসিজম ও যুদ্ধের ঠিক পরে ইতালী ছিল, একটি স্পষ্টভাবে বিভাজিত দেশ, ইতিহাস, ভূগোল, শ্রেণী সংস্কৃতির বৈচিত্র্যের কারণে গভীর অঘাত, তীক্ষ্ণ বৈপরীত্য, নারীবিদ্বেষ ও মুখোমুখি সংঘর্ষে বিপর্যস্ত। দারিদ্র্য, বিরোধিতা, শক্তির অপব্যবহার, নিপীড়ণ ও হিংসার এই পরিস্থিতিতে একটি সমাধানের প্রয়োজন ছিল। যা প্রয়োজন ছিল তা হল স্বাধীনতা, সাম্য, শান্তি। এই কারণে, ইতালীয় সংবিধান প্রজাতন্ত্রকে - অনুচ্ছেদ ৩-এ এই দায়ভার ন্যস্ত করেছে যে, এটি যাতে এই সমস্ত আর্থিক ও সামাজিক বাধাগুলি অপসারণ ও দূর করে যা নাগরিকদের সাম্যে বাধা তৈরী করছে। কারণ সাম্য ছাড়া স্বাধীনতা অসম্ভব। যেমন, দেশের রাজনৈতিক, আর্থিক ও সামাজিক সংস্কারপূর্ণ সমস্ত পুরুষ ও মহিলাদের পূর্ণ বিকাশ ও কর্মকরী অংশগ্রহণ এটি ছাড়া সম্ভব নয়।

টেরাসিনির লেখা আরেকটি দিক রয়েছে যা আমি মনে করতে চাই। তিনি বলেছেন যে, আমাদের সংবিধানের ভাগ্য নির্ভর করেছে ইতালীয় নাগরিকদের উপর। অবশ্যই জনগণই এর প্রয়োগকারী হবেন। প্রয়োগকারী এবং অভিভাবক। তাহলে একজন প্রয়োগকারী কি? এমন কেউ যিনি একটি লিখিত অংশকে ব্যবহারিক জীবন, কঠোর কার্যধারা, অনুভূতি, উত্সাহ এবং চাহিদাতে রূপান্তরিত করেন। এমনকি সবচেয়ে ভাল একটি আইনও জীবনের কাছাকাছি আসে না, যদি না সেটিকে পুরুষ ও মহিলারা সাধারণভাবে কার্যকর না করেন। আমরা অর্থাৎ ইতালীতে বসবাসকারী পুরুষ ও মহিলারা, ইতালীয় এবং অভিবাসীরা, সবার নিশ্চিত করা উচিত যে, ফ্যাসিজম এবং যুদ্ধের সময়কার কোন বিরোধ যাতে ফেরৎনা আসে। আমাদেরই এটি দেখা উচিত যে, জাতিবিদ্বেষ, শোষণ, শক্তির অপব্যবহার যাতে পুনরায় আবির্ভূত না হয় এবং এটি নিশ্চিত করা যে, এই অবস্থাগুলি দুর্ভাগ্যজনকভাবে বিন্যস্ত হলেও সেগুলি যাতে নিশ্চিহ্ন করা হয়। যারা ইতালীতে বসবাস করা বেছে নিয়েছেন, তাদের দায়িত্ব এটি নিশ্চিত করা যে, আইনকে যাতে পরিবর্তিত পরিস্থিতি অনুসারে পরিবর্তন করা হয়। আমাদের কাছে বর্তমানে যা রয়েছে তা হল, বিভাজন, নিঃসঙ্গ, সামাজিক জটিলতা যা দ্রুত ও নিরবিচ্ছিন্নভাবে পরিবর্তিত হচ্ছে। অনিশ্চয়তা, অস্থিরতা এবং ভিন্নতার ভয় আমাদের জীবনের অংশ হয়ে উঠেছে।

নিজেদেরকে আবদ্ধ করে রাখা, নিজেদের সামলে বেড়া তৈরী করা এবং অন্যদেরকে বাদ দেওয়া হলে, তা এই সমস্যার সমাধানে খুব কমই অবদান রাখতে পারবে। তার পরিবর্তে আমাদের সামাজিক ঐক্যের চুক্তিটিকে নবায়িত করতে হবে, যে ধারণাটি টেরাসিনি 1947 সালে দিয়েছিলেন। আমাদের পাঠ্যক্রমটিকে একটি সম্পদ হিসেবে দেখা উচিত, যাকে একটি উৎসের সাথে বিনিময় করা যাবে। ইতালী এখন আরো বড় হয়ে উঠেছে, ইতালীতে জন্মগ্রহণকারী এবং অন্য দেশ থেকে আসা মহিলা ও পুরুষদের নিয়ে এটি গড়ে উঠেছে। সব মিলিয়ে এই জনগণ আমাদের বিশাল সুযোগকে প্রতিস্থাপিত করেছে। এই সমস্ত পুরুষ ও মহিলারা অল্পস্বল্প অধিকারগুলি রাখেন।

আমাদের সংবিধান এই তথ্যটিকে স্পষ্টভাবে ব্যক্ত করে। এবং এটিই হল আমাদের বিশদ সনন্দ। অল্পস্বল্প অধিকারগুলি সকলের ক্ষেত্রেই প্রযোজ্য হয় এবং একটির পর একটি করে এগুলিকে তালিকাভুক্ত করা হয়েছে। এখানে রয়েছে চলাফেরার স্বাধীনতার অধিকার, শান্তিপূর্ণ ভাবে একত্রিত হওয়ার অধিকার, ধর্মীয় বিশ্বাস পালন করার অধিকার, বাধাধীনভাবে মতপ্রকাশের অধিকার এবং নির্দিষ্ট নিশ্চয়তা ছাড়া নিরাপত্তা রক্ষার জন্য আটক না হওয়া। অধিকারের সনন্দ অনুযায়ী আমাদের পড়াশোনা, চাকরী, সম্ভ্রানদের শিক্ষা, ইউনিয়নে গঠন করার অধিকার রয়েছে। এটি হল একটি আধুনিক এবং সাংস্কৃতিকভাবে অগ্রসর অধিকারের সনন্দ।

একটি সনন্দ যেটি, অধিকারগুলি, স্বাধীনতা, সাম্যকে স্বীকার করে, বেরকম আমরা বলেছি। এবং যেটির ক্ষেত্রে দায়িত্বাবলী পূর্ণ করা প্রয়োজন। সবার দ্বারা।

সামাজিক ঐক্যের চুক্তির জন্য এর চেয়ে বেশী কিছুই প্রয়োজন নেই। একটি নতুন সংবিধান বা অভিবাসীদের জন্য বিশেষ নিয়মের কোন প্রয়োজন নেই। ইতালীতে যেই বসবাস করুন না কেন, তাকে অবশ্যই এভাবে সামাজিক ঐক্যের বন্ধনকারী চুক্তিটি গ্রহণ করতে হবে। এবং 1947 এর মত, সংবিধানে এট চুক্তিটির ভিত্তিটি উপস্থিত রয়েছে। একটি সমাজের জন্য যেটি সামাজিক মর্যাদা, প্রতিটি ব্যক্তির মৌলিক অধিকারগুলি এবং অন্যদের বন্ধনকারী কর্তব্যগুলি এবং সমগ্র জনগণকে সম্মান করে।

এই কারণে আমরা চাই এবং অবশ্যই সংবিধানকে তুলে ধরব এবং পুনর্স্থাপিত করব, যাতে শব্দগুলি অভিবাসী ও জন্মসূত্রে ইতালীয়দের মধ্যে ছড়িয়ে যায় যারা এখনো এ সম্পর্কে ভালভাবে জানে না। আমাদেরকে এটি নিয়ে কর্মক্ষেত্রে, স্কুলে, সরকারী অফিসে আলোচনা করতে হবে, যাতে ইতালীয় ভাষাকে নিয়ে এটি সামাজিক একত্রীকরণ ও সাংস্কৃতিক মিলনের একটি কারণ হয়ে ওঠে। যারা ইতালীতে বহু বছর ধরে বাস করছেন এবং যারা সম্প্রতি এসে পৌঁছেন, তাদেরকে আমাদের গণতন্ত্রের মৌলিক নীতিগুলির ব্যাপারে কথা বলার দিকে ফিরে যেতে হবে।

সংবিধানকে শুধুমাত্র সবার সম্মান করলেই হবে না, এর অধিকার সবার এবং এটি ইতালীতে বসবাসকারী সবার জন্য। এটি হল বিভিন্নতা চিহ্নিতকরণ এবং সাম্প্রদায়িক জীবনে দায়িত্বাবলীর সম্মানের উপর ভিত্তিকৃত একটি চুক্তি। এই নীতিগুলির উপর ভিত্তি করে আমাদেরকে সবার জন্য দেশজুড়ে, স্থানীয় কমিউনিটিগুলিতে, পৌরসভাগুলিতে এবং জেলাগুলিতে সামাজিক ঐক্য তৈরী করার চেষ্টা করতে হবে। ইতালী এবং ইতালীয়দের ভবিষ্যতের জন্য; ইতালীতে জন্ম হোক বা অন্য কোথাও।

পাওলো ফেরেরো

মিনিস্ট্রি অফ মোশ্যল সলিডারিটি

**সংবিধান এবং সহাবস্থান**  
**গণতন্ত্র পূর্ণপ্রয়োগের জন্য সহাবস্থান চুক্তির নবায়ন**

একটি ক্রমবর্ধনশীল সংখ্যায় পুরুষ ও মহিলারা এখানে বহুজাতিক সম্প্রদায়গুলিতে বসবাস করছেন, যেখানে বিভিন্ন জাতীয়তা, ভাষা, সংস্কৃতি এবং ধর্ম সহাবস্থান করে এবং গভীরে প্রোথিত পরিবর্তনগুলি নিয়ে আসে। অভিবাসন আমাদের গণতন্ত্রের কাছে একটি চ্যালেঞ্জ, কারণ আমরা এই ঝুঁকির মধ্যে চলেছি যে, অবস্থার একটি বিকৃত উপস্থাপনা সমাজকে নীচু মানসিকতা, আগ্রাসী এবং আত্মসন্দেহী মনোভাবের দিকে পরিচালিত করবে; বিপরীতদিকে, অভিবাসন সহাবস্থানের একটি নতুন সংস্কৃতির স্থাপনের একটি সুযোগ প্রদান করতে পারে, যা বিশদভাবে বাস্তবতা এবং এর সাথে নিয়ে আসা সত্যিকারের সমস্যা দিয়ে শুরু হবে।

ইতালীয় ও বিদেশীদের মধ্যে সম্পর্কের ক্ষেত্রে একটি ইতিবাচক উন্নতির ব্যাপারে লক্ষ লক্ষ লোকের দৈনন্দিন অভিজ্ঞতার অবদান থাকা সত্ত্বেও, ইতালীর অভিবাসীরা, জনগণের মতে একটি পূর্বস্থাপিত নেতিবাচক ছবি থাকার ব্যাপারটি সহ্য করেন এবং এটি বঞ্চনা এবং সামাজিক সংকীর্ণতাকে লালিত করে যাকে অবশ্যই কোন অনিশ্চিত শর্ত ছাড়াই পরাজিত করতে হবে।

ব্যক্তিগত অধিকার ও বাধ্যবাধকতা, একটি ভারসাম্য, ব্যক্তিগত স্বাধীনতা এবং সম্মিলিত দায়িত্ব াবলীকে তুলে ধরে একটি নতুন সামাজিক চুক্তি প্রয়োজন। আমাদের এটি প্রতিষ্ঠা করার প্রক্রিয়া প্রয়োজন যা সবার জন্য অধিকার ও সম্মানকে সুনিশ্চিত করবে। সর্বোপরি, আমাদের অবশ্যই উৎসাহ দেওয়া উচিত পারস্পরিক ভালকে, স্থির নয়, গতিশীল ভিত্তিতে সংস্কৃতির সম্মিলন ও বিনিময়কে অপরিবর্তনকে, অভিবাসীদের সামনের সারির ভূমিকাগুলিকে যার সাথে রয়েছে নতুন প্রজন্মগুলি থেকে শুরু করে, একত্রীভাবনের দায়িত্বাবলীর পরবর্তী অনুমানগুলি। "Citta Aperte" [উন্মুক্ত শহরগুলি] প্রজেক্ট এই উদ্দেশ্যগুলিকে এগিয়ে দিচ্ছে এবং দিকনির্দেশক হিসেবে সংবিধানের উপর মনোযোগ নিবদ্ধ করেছে যা এই লক্ষ্যগুলি অর্জনে প্রয়োজনীয় দায়বদ্ধতার উপর নির্দেশিত হবে।

আমাদের সংবিধান হল একটি ভিত্তি যার উপর সত্য সহাবস্থানের চুক্তিটি তৈরী হয়েছিল, যেখানে ইতালীকে উদার জনপ্রিয় অংশগ্রহণ, বহুস্বাধীনতা, "জন মঙ্গল"-এর সংস্কৃতির সাথে একটি দৃঢ় গণতন্ত্র হিসেবে গড়ে তুলতে দেওয়া হয়েছে। সমাজের উপর প্রভাব বিস্তারকারী পরিবর্তনগুলি, সমাজে আগত নতুন সংখ্যা, নতুন চাহিদা ও নতুন প্রয়োজনগুলির মুখোমুখি হওয়ার জন্য এই চুক্তিটিকে অবশ্যই পূর্ণপ্রতিষ্ঠা ও নবায়ন করতে হবে। তা সত্ত্বেও আবার, অবশ্য, এটি হল আমাদের সংবিধানের নীতিগুলির ভবিষ্যৎ দৃষ্টি ও ভারসাম্য, যা আমাদের সম্মানকৃত উত্তরগুলি প্রদান করবে।

এই কারণে আমরা ইতালীয় সংবিধানকে, ইতালীতে বসবাসকারী অভিবাসীদের মধ্যে কথিত সবচেয়ে পরিচিত দশটি ভাষাতে অনুবাদ করার সিদ্ধান্ত গ্রহণ করেছি। আমরা এটিকে একটি প্রচারের অর্ন্তভিত্তি করতে চাই যা জনসাধারণের বিশেষতঃ ইতালীয় ও বিদেশী যুবাদের সচেতনতা এবং বিবেচনাকে তুলে ধরবে। আমরা পৌরসভা, স্কুল, পাড়া এবং মিলনস্থলগুলিতে বিভিন্ন জাতীয়তার নাগরিকদের মধ্যকার মুখোমুখি হওয়া এবং বিনিময়গুলিকে তুলে ধরব যাতে বিভিন্ন সংস্কৃতির আলোকে উপস্থাপিত এই নীতিগুলির বাস্তবতা সম্পর্কে আলোচনা করা যায় ও যোগাযোগ স্থাপন করা যায়।

আমরা নিশ্চিত যে, এ সমস্ত কিছু আমাদের স্থানীয় সম্প্রদায়গুলিতে পারস্পরিক সচেতনতা ও জানের একটি প্রক্রিয়াকে উৎসাহিত করবে এবং সম্মিলিত ও বহুবিভূত দায়বদ্ধতার ক্ষেত্রে একটি দৃঢ় অবদান প্রদান করবে যা অবশ্যই প্রয়োগ করতে হবে, যদি আমরা একটি বহুজাতিক সমাজের জন্য সহাবস্থানের একটি নতুন সংস্কৃতি প্রতিষ্ঠা করতে চাই।

রোম 25 মে 2007

পাওলো বেলি  
প্রেসিডেন্ট অফ ARCI

ইতালীয়রা কি সত্যিই সংবিধানের নীতিগুলি গভীরভাবে জানেন? এই প্রশ্নটি প্রায়ই উঠে আসে, এবং প্রায় সবসময়ই এর একটি নেতিবাচক উত্তর পাওয়া যায়, এর সাথে সাধারণ শিক্ষার প্রতি আরো মনোযোগ দেওয়ার জন্য চাপ উৎপন্ন হয়, বিশেষত: যে শিক্ষাটি কমবয়সীদের দেওয়া হয়, সেই ক্ষেত্রে।

ইতালীয় রাষ্ট্রের ভিত্তিগুলি এবং যে ধারণাগুলির প্রভাবে ইতালীয় আইনের ভিত্তিতে প্রণীত আইনের নির্দেশিকাগুলি তৈরী হয়েছিল, সে ব্যাপারে প্রতিটি নাগরিকের অবশ্যই সচেতন দায়বদ্ধতা থাকা উচিত। কিন্তু আমরা কষ্ট করেও যে ব্যাপারটি লুকাতে পারি না তা হল, বিষয়টি সেরকম হয় না। এই কারণে, ARCI এর উদ্যোগটিকে বিশেষ সহযোগিতা দেওয়া উচিত যার সাথে রয়েছে <Citta aperte> ("উন্মুক্ত শহরগুলি") প্রজেক্ট এবং এর সাথে রয়েছে দশটি ভাষাতে সংবিধানের একটি অনুবাদ।

এমন একটি সমাজে যেটি সাংস্কৃতিক এবং বহুসাংস্কৃতিক জনবিন্যাস উভয় ক্ষেত্রেই অবিরত পরিবর্তিত হচ্ছে, যেখানে কিছু ক্ষেত্রে, নতুন নাগরিকরা শুধুমাত্র কিছু বছর ধরে ইতালীতে বসবাস করছেন, সেখানে সংবিধানের প্রতি মনোভাব এই দেশের গভীরে দৃষ্টিপাত করার একটি সুযোগ প্রদান করে, তাদের এবং আমাদেরকে বুঝতে এবং অধিকারগুলি এবং এছাড়াও দায়িত্ববাহীর ব্যাপারেও আমাদের সচেতনতাকে পুনর্স্বীকৃত করতে সহায়তা করে।

এটিই হল এর প্রতিফলন এবং উপলব্ধির সময় যে, এই উদ্যোগটি জন্মগত ইতালীয় নাগরিকদের কাছে পৌঁছে যেতে সহায়তা করতে পারে, যারা এটির ক্ষেত্রে কম গুরুত্ব দেন এবং সম্ভবত : কিছু নিয়মের ব্যাপারে চলনসই স্নজ্ঞান থাকলেই চলে বলে মনে করেন। এবং এই সচেতনতা ও ভাগ করে নেওয়া যত বাড়বে, সাফল্য অর্জনের উদ্দেশ্যে থাকা একই জনসংখ্যার সদস্যদের বন্ধন ও সামাজিক ঐক্য নির্মাণ তত কম কঠিন হবে।

সিয়েনা, 28 মে 2007

গ্যাব্রিয়েলো মানচিনি  
প্রেসিডেন্ট অফ ফন্ডাজিওন মন্টে ডেই পাসচি ডি

সিয়েনা

## মৌলিক নীতিগুলি

অনু. 1 ইতালী একটি গণতান্ত্রিক প্রজাতন্ত্র, যার ভিত্তি হল কর্ম। সার্বভৌমত্বের মালিক হল জনগণ, যারা বিভিন্নরূপে এবং সংবিধানের মধ্যে থেকে এটিকে প্রয়োগ করে।

অনু. 2 প্রজাতন্ত্র মানুষের অপ্রাথমিক অধিকারগুলি স্বীকার করে এবং তার নিশ্চয়তা দেয় এবং তা করে একটি ব্যক্তি হিসেবে এবং সামাজিক গোষ্ঠীর মধ্যে যেখানে সে তার ব্যক্তিগত প্রকাশ করে এবং রাজনৈতিক, আর্থিক এবং সামাজিক একত্ববোধের আবশ্যিক দায়িত্বগুলির পরিপূরণ দাবী করে।

অনু. 3 সমস্ত নাগরিকদের সমান সামাজিক মর্যাদা রয়েছে এবং লিংগ, জাতি, ভাষা, ধর্ম, রাজনৈতিক চিন্তাধারা, ব্যক্তিগত এবং সামাজিক অবস্থা নির্বিশেষে আইনের চোখে তারা সমান। প্রজাতন্ত্রের দায়িত্ব হল আর্থিক ও সামাজিক প্রকৃতির সেই বাধাগুলিকে দূর করা, যা নাগরিকদের স্বাধীনতা ও সামাজিক সীমাবদ্ধ করছে, মানুষের পূর্ণ বিকাশে বাধা দিচ্ছে এবং দেশের রাজনৈতিক, আর্থিক এবং সামাজিক সংস্থাপনকে সমস্ত কর্মীদের কার্যকর অংশগ্রহণে বাধা দিচ্ছে।

অনু. 4 প্রজাতন্ত্র সমস্ত নাগরিকদের কাজের অধিকারের স্বীকৃতি দেয় এবং সেই অবস্থাপনগুলির পৃষ্ঠপোষকতা করে যা এই অধিকারটিকে কার্যকর করে। নিজেদের সম্ভাবনা ও ব্যক্তিগত পছন্দ অনুসারে প্রত্যেক নাগরিকের দায়িত্ব হল, একটি কাজ বা একটি কর্মকাণ্ডে রত হওয়া যা সমাজের বিষয়গুলি বা আর্থিক উন্নতিতে অবদান রাখবে।

অনু. 5 প্রজাতন্ত্র, এক ও অবিভীয, যা স্থানীয় স্বায়ত্বশাসনগুলিকে পৃষ্ঠপোষকতা করে; রাষ্ট্রের উপর নির্ভরশীল পরিবেশগুলির জন্য সর্বাধিক পরিমাণ প্রশাসনিক বিকেন্দ্রীকরণ প্রয়োগ করে; স্বায়ত্বশাসন ও বিকেন্দ্রীকরণের প্রয়োজনীয়তাগুলির ক্ষেত্রে নীতিগুলি এবং এর আইনের পদ্ধতিগুলি মেলে চলে।

অনু. 6 প্রজাতন্ত্র যথাযথ পদক্ষেপ গ্রহণ করে, ভাষাগত সংখ্যালঘুদের সুরক্ষা প্রদান করে।

অনু. 7 রাষ্ট্র এবং ক্যাথোলিক চার্চ এর, প্রত্যেকের এর নিজের আইনে আবদ্ধ, স্বাধীন এবং সার্বভৌম। তাদের সম্পর্কগুলি ল্যাটেরান ট্রিটি অনুসারে নিয়ন্ত্রিত হয়। ট্রিটি বা চুক্তিটির ক্ষেত্রে উভয় পক্ষের সম্মতকৃত পরিবর্তনের জন্য সংবিধানিক সংশোধনের পদ্ধতির প্রয়োজন নেই।

অনু. 8 আইনের সামলে সমস্ত ধর্মীয় বিশ্বাসগুলি সমান। ক্যাথোলিক বিশ্বাস ছাড়া বাকী ধর্মীয় বিশ্বাসগুলির ক্ষেত্রে তাদের নিজেদের বিশ্বাস অনুযায়ী সংগঠিত হওয়ার অধিকার রয়েছে, যদি না তা ইতালীয় আইনকে লঙ্ঘিত করে। রাষ্ট্রের সাথে তাদের সম্পর্ক, সংশ্লিষ্ট প্রতিনিধিদের সাথে সম্মতকৃত চুক্তির ভিত্তিতে আইন অনুসারে নিয়ন্ত্রিত হবে।

অনু. 9 প্রজাতন্ত্র সাংস্কৃতিক ও বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত গবেষণার উন্নয়নে পৃষ্ঠপোষকতা করে। এটি প্রাকৃতিক সৌন্দর্য এবং তার সাথে সাথে দেশের ঐতিহাসিক ও কলা সঞ্চার ঐতিহ্যকে সুরক্ষিত করে।

অনু. 10 ইতালীয় আইন, আন্তর্জাতিক আইনের সাধারণভাবে স্বীকৃত নীতিগুলির সাথে সামুজ্য বজায় রাখে। বিদেশীদের অহীন অবস্থা আইন দ্বারা নিয়ন্ত্রিত হয় যা আন্তর্জাতিক রীতি ও চুক্তিগুলির সাথে সামুজ্য বজায়

রাখে। যে বিদেশীকে তার নিজের দেশে, ইতালীয় সংবিধানে নিশ্চয়তা প্রদানকৃত গণতান্ত্রিক স্বাধীনতাগুলির সত্যিকারের প্রয়োগ করতে দেওয়া হয়নি, তার এই প্রজাতন্ত্রের এলাকাতে আইন দ্বারা স্থাপিত শর্ত অনুসারে আশ্রয় চাওয়ার অধিকার রয়েছে। রাজনৈতিক অপরাধের জন্য একজন বিদেশীকে বহিস্কার করা অনুমোদিত হয়নি।

অনু. 11 ইতালী, যুদ্ধকে অন্যান্য লোকের স্বাধীনতার বিরুদ্ধে আগ্রাসনের একটি উপকরণ হিসেবে বর্জন করে এবং এটিকে আন্তর্জাতিক বিতর্কগুলির সমাধানের পথ হিসেবে গণ্য করে না; এটি মনে করে যে, অন্যান্য রাষ্ট্রগুলির সাথে সাম্যের শর্তে, সার্বভৌমত্বকে সীমাবদ্ধ করার প্রয়োজন হতে পারে যা, জাতিগুলির মধ্যে শান্তি ও ন্যায় নিশ্চিত করবে; এটি একই লক্ষ্যের আন্তর্জাতিক সংস্থাপনকে তুলে ধরে এবং উৎসাহ দেয়।

অনু. 12 প্রজাতন্ত্রের পতাকা হল, ইতালীয় ত্রি-বর্ণিক: সবুজ, সাদা ও লাল, একই আকারের তিনটি উল্লম্ব ব্যান্ড।

## অংশ 1 নাগরিকদের অধিকার ও কর্তব্যগুলি

### শিরোনাম 1 জন অধিকারগুলি

অনু. 13 ব্যক্তিগত স্বাধীনতা অপ্রাথমিক। কোন ধরনের আটকে রাখা, পরিদর্শন বা ব্যক্তিগত তদন্ত, বা ব্যক্তিগত স্বাধীনতার উপর অন্য কোন বাধা তৈরী করে তা স্বীকৃত নয়, যদি না একটি বিচার ব্যবস্থা দ্বারা প্রদত্ত একটি আদেশ অনুসারে তা করতে বলা হয় এবং শুধুমাত্র সেই ক্ষেত্রগুলিতে এবং সেইভাবে তা করা যাবে, যা আইন দ্বারা স্বীকৃত রয়েছে। প্রয়োজনীয়তা ও জরুরী ব্যতিক্রমী ক্ষেত্রগুলিতে, কঠোরভাবে আইন দ্বারা ব্যাধ্যুক্ত উপায়ে, পুলিশ কর্তৃপক্ষ সাময়িক পদক্ষেপ নিতে পারে, যা অবশ্যই আটচল্লিশ ঘন্টার মধ্যে বিচার ব্যবস্থাকে জানাতে হবে এবং যদি তা পরবর্তী আটচল্লিশ ঘন্টার মধ্যে জানানো না হয়, সেক্ষেত্রে তা তাদের দ্বারা অনুমোদিত না হলে, বাতিল ও অকার্যকর হয়ে যাবে। কোন ব্যক্তির বিরুদ্ধে করা সমস্ত ধরনের শারীরিক ও মানসিক হিংসার ব্যাপারটি কোন ভাবে স্বাধীনতায় বাধা দিলে, সেগুলিকে শাস্তি দিতে হবে। আইনে সর্বাধিক সময়কালের জন্য প্রতিরোধমূলক আটকের ব্যবস্থা রয়েছে।

অনু. 14 বাড়ি অপ্রাথমিক। পরিদর্শন, অনুসন্ধান বা বাজেয়াপ্ত করার কাজ নাও করা যেতে পারে, শুধুমাত্র ব্যক্তিগত স্বাধীনতার সুরক্ষা নিশ্চিত করার জন্য আইনে প্রস্তাবিত উপায়ে ও ক্ষেত্রগুলিতে তা করা যাবে। জনস্বাস্থ্য ও সুরক্ষা বা আর্থিক ও রাজস্বের প্রয়োজনে করা নিয়ন্ত্রণ ও পরিদর্শনগুলি বিশেষ আইন দ্বারা নিয়ন্ত্রিত হয়।

অনু. 15 চিঠি-পত্রগুলি এবং অন্য সমস্ত ধরনের যোগাযোগের ক্ষেত্রে স্বাধীনতা ও গোপনীয়তার ব্যাপারটি অপ্রাথমিক। এক্ষেত্রে শুধুমাত্র পরোয়ানা দিয়ে বাধা স্থাপন করা যাবে, যাতে আইন দ্বারা স্থাপিত নিশ্চয়তাসহ একই বিচার বিভাগীয় সংস্থা দ্বারা প্রদত্ত কারণগুলি থাকবে।

অনু. 16 সমস্ত নাগরিকরা রাষ্ট্রীয় এলাকার যে কোন অংশে মুক্তভাবে যেতে পারেন বা অত্র সময়ের জন্য অবস্থান করতে পারেন, শুধুমাত্র স্বাস্থ্য ও নিরাপত্তার কারণে আইন দ্বারা নির্ধারিত সাধারণ বাধানিষেধগুলির ক্ষেত্রে তা করা যাবে না। সমস্ত নাগরিকরা বাধানিষেধভাবে প্রজাতন্ত্রের এলাকা ছাড়া যেতে পারেন এবং পুনরায় প্রবেশ করতে পারেন, যে আইনী বাধ্যবাধকতাগুলি পূরণ করতে হবে।

অনু. 17 নাগরিকদের শাস্তিপূর্ণ ও নিরস্ত্রভাবে জড়া হওয়ার অধিকার রয়েছে। এই সম্মিলনগুলির জন্য আগে থেকে জানান দেওয়ার প্রয়োজন নেই, এবং এমনকি অনগণের জন্য উন্মুক্ত জায়গাগুলিতে তা করলেও। সাধারণ এলাকায় সম্মিলিত সভা করার জন্য অবশ্যই আগে থেকে কর্তৃপক্ষকে নোটিশ বা জানান দিতে হবে, যারা হয়তো শুধুমাত্র নিরাপত্তা ও জনসুরক্ষার ক্ষেত্রে প্রমাণিত উদ্দেশ্যের কারণে তা নিষিদ্ধ করতে পারে।

অনু. 18 নাগরিকদের এই অধিকার রয়েছে যে, তারা মুক্তভাবে, অনুমোদন না নিয়ে, অপরাধ সংক্রান্ত আইন দ্বারা ব্যক্তির দ্বারা সংগৃহীত অর্থ নিষিদ্ধ না হলে, তাদের সংগঠন তৈরী করতে পারেন। গোপন সংগঠনগুলি এবং যোগ্যতার ক্ষেত্রে পরোক্ষভাবে হলেও একটি সামরিক ধরণের চরিত্রের মাধ্যমে রাজনৈতিক স্বার্থ দেখা হয়, তা করা নিষিদ্ধ।

অনু. 19 প্রত্যেকের ব্যক্তিগত বা সম্মিলিত রূপে মুক্তভাবে তাদের নিজেদের ধর্মীয় বিশ্বাস প্রচার করা, এর প্রসার ঘটানো, এবং নিজস্ব এবং প্রকাশ্য উপায়ে তা পালন করার অধিকার রয়েছে, তবে রীতিগুলি মূলবোধ বিরোধী হলে চলাবে না।

অনু. 20 একটি সংগঠন বা সংস্থার ধর্মীয় প্রধানের প্রকৃতি এবং ধর্ম বা প্রার্থনা, আইন অনুসারে কোন বিশেষ সীমাবদ্ধতার কারণ হবে না বা এর গঠন, আইনী সামর্থ্য এবং এর কোন ধরণের কার্যক্রমের জন্য কোন রাজস্ব সংক্রান্ত নিষেধাজ্ঞা আরোপ হবে না।

অনু. 21 নিজেদের চিন্তাকে শব্দের মাধ্যমে, লিখে এবং অন্য সমস্ত যোগাযোগের মাধ্যমে মুক্তভাবে প্রকাশ করার অধিকার সবার রয়েছে। সংবাদমাধ্যমকে কোন ধরণের নিয়ন্ত্রণ বা সেন্সরশীপের আওতায় আনা থাকবে না। সংবাদমাধ্যম নিয়ন্ত্রণকারী আইনে অনুমোদিত ক্ষেত্রে বা দায়িত্বপ্রাপ্ত পক্ষগুলির প্রকাশের জন্য আইনে প্রস্তাবিত সুযোগগুলি লঙ্ঘিত হলে, বিচার বিভাগীয় কর্তৃপক্ষের থেকে একটি বিস্তারিত পরোয়ানা নিয়ে শুধুমাত্র বাজেয়াপ্ত করা যাবে। এই ধরনের ক্ষেত্রগুলিতে, যখন একটি সম্পূর্ণ সংকট উপস্থিত হয় বা যখন বিচার বিভাগীয় কর্তৃপক্ষের দ্বারা সময়ে সময়ে হস্তক্ষেপ করা সম্ভব হয় না, সেক্ষেত্রে অপরাধ নিয়ে কাজ করা পুলিশের অফিসাররা পর্যায়কালীন প্রকাশনাগুলিকে বাজেয়াপ্ত করতে পারবেন, যারা অবশ্যই বিষয়টি সম্পর্কে অবিলম্বে বিচার বিভাগীয় কর্তৃপক্ষকে জানাবেন এবং কখনোই তাতে যেন চক্ৰিশ ঘন্টার বেশী সময় না লাগে। যদি কর্তৃপক্ষ পরবর্তী চক্ৰিশ ঘন্টার মধ্যে কাজটির অনুমোদন না করেন, তাহলে ধরে নেওয়া হবে যে, বাজেয়াপ্ত করার ব্যাপারটি প্রত্যাহার করে নেওয়া হয়েছে এবং এটি বাতিল ও অকার্যকর বলে গণ্য করা হবে। সাধারণ সুযোগগুলির মাধ্যমে আইনের দ্বারা নির্ধারিত করা যেতে পারে যে, পর্যায়কালীন সংবাদমাধ্যমগুলির আর্থিক উৎসগুলি যাতে প্রকাশ করা হয়। মুদ্রিত প্রকাশনা, শে এবং প্রদর্শনীগুলি মূলবোধবিরোধী হলে তা কঠোরভাবে নিষিদ্ধ। সমস্ত লঙ্ঘনগুলি প্রতিরোধ ও চেষ্টা দেওয়ার জন্য আইনে যথাযথ ব্যবস্থা রয়েছে।

অনু. 22 রাজনৈতিক কারণ, আইনী অবস্থা, নাগরিকত্ব, নামের কারণ কাউকে বঞ্চিত করা যাবে না।

অনু. 23 আইনে না থাকলে, একটি ব্যক্তিগত বা একটি সম্মিলিত ধরণের সান্ত্বনা আরোপ করা যাবে না।

অনু. 24 প্রত্যেকে ব্যক্তিগত অধিকারগুলি এবং রীতিসিদ্ধ স্বার্থগুলির সুরক্ষার জন্য বিচার বিভাগীয় পদক্ষেপ নিতে পারেন। আইনী কর্মধারার প্রতিটি পর্যায়ে এবং মুহুর্তে আত্মপক্ষ সমর্থনের ব্যাপারটি অল্পস্বাধীন। বিচারের প্রতিটি পর্যায়ের পূর্বে দরিদ্রদের যথাযথ সংস্থা, কাজের উপায় এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়ার মাধ্যমে আশ্রয় করা হবে। আইনের আওতায় বিচার সংক্রান্ত ক্রটিগুলির পরিস্থিতি ও উপায়গুলি নির্ধারণ করা হবে।

অনু. 25 আইন দ্বারা পূর্বস্থাপিত সাধারণ বিচার থেকে কাউকে সরানো নাও যেতে পারে। অপরাধ সংগঠনের পূর্বে, অনু. 25 আইন দ্বারা পূর্বস্থাপিত সাধারণ বিচার থেকে কাউকে সরানো নাও যেতে পারে। অপরাধ সংগঠনের পূর্বে, ইতোমধ্যে কার্যকর একটি আইনের ভিত্তিতে কাউকে শাস্তি নাও দেওয়া যেতে পারে। আইনবলে না হলে, কাউকে নিরাপত্তা সংক্রান্ত ব্যাপারে বিবেচিত নাও করা যেতে পারে।

অনু. 26 আন্তর্জাতিক বিধি অনুযায়ী প্রকাশিত ক্ষেত্রগুলিতেই একজন নাগরিককে বহিস্কার করা যাবে। রাজনৈতিক অপরাধীদের ক্ষেত্রে কোনভাবেই এর অনুমতি দেওয়া যাবে না।

অনু. 27 অপরাধ সংক্রান্ত দায়িত্ব হতে ব্যক্তিগত। অভিজুত ব্যক্তিকে চূড়ান্ত রায়দানের পূর্বে দোষী বলে গণ্য করা যাবে না। শাস্তিদানের ক্ষেত্রে অবশ্যই মানুষের সম্মানকে মর্য়দা দিতে হবে এবং শাস্তিপ্রাপ্ত ব্যক্তির পূর্ববাসনাকে অবশ্যই লক্ষ্য হিসেবে রাখতে হবে। সামরিক আইনে প্রদত্ত ক্ষেত্র বাদে মৃত্যুদণ্ড দেওয়া যাবে না।

অনু. 28 অপরাধ, সাধারণ এবং প্রশাসনিক আইন অনুযায়ী, অধিকারগুলি লঙ্ঘনের কাজগুলির জন্য রাষ্ট্র ও সরকারী সংস্থাগুলির অফিসিয়াল ও কর্মীরা সরাসরি দায়ী থাকবেন। এসব ক্ষেত্রগুলিতে জনগণের দায়িত্ববাহী রাষ্ট্রীয় ও সরকারী সংস্থাগুলি পর্যন্ত পরিবর্তিত হয়।

## শিরোনাম ২ নীতিবোধ সংক্রান্ত এবং সামাজিক সম্পর্কগুলি

অনু. 29 প্রজাতন্ত্র পরিবারের অধিকারগুলিকে বিয়ের মাধ্যমে স্থাপিত একটি স্বাভাবিক সমাজ হিসেবে গণ্য করে। বিয়ের ক্ষেত্রে পরিবারের একতা নিশ্চিত করার জন্য আইনের সীমার মধ্যে, দম্পতির উভয়ের নীতিবোধ ও আইনের সাম্য, ভিত্তি হিসেবে কাজ করে।

অনু. 30 বাবা-মায়ের কর্তব্য ও অধিকার হল, শিশুদের সহায়তা করা, ঠিক পথে নির্দেশিত করা ও শিক্ষিত করা, এমনকি তারা বিবাহবহির্ভূত ভাবে জন্মগ্রহণ করলেও। বাবা-মায়ের অক্ষমতার ক্ষেত্রগুলিতে, তাদের কর্তব্যগুলি পূরণের জন্য আইন রয়েছে। আইন বিবাহবহির্ভূতভাবে জন্ম নেওয়া শিশুদের পূর্ণ আইনী ও সামাজিক অধিকার নিশ্চিত করে এবং বিধিবদ্ধ পরিবারের সদস্যদের অধিকারের সাথে তার সাম্য বজায় রাখা হয়েছে। পিতৃত্ব সংক্রান্ত নিয়ম ও সীমাবদ্ধতাগুলি আইনে প্রণীত হয়েছে।

অনু. 31 পরিবারের গঠন এবং এর দায়িত্বগুলি পূরণের জন্য প্রজাতন্ত্র আর্থিক মাধ্যম ও অন্যান্য উপায়ে সহায়তা করে এবং বড় আকারের পরিবারগুলিকে বিশেষভাবে বিবেচনা করা হয়। এটি প্রয়োজনীয় সংস্থাগুলিকে পৃষ্ঠপোষকতা করে মাতৃত্ব, শৈশব ও যৌবনকে সুরক্ষিত করে।

অনু. 32 প্রজাতন্ত্র স্বাস্থ্যকে ব্যক্তির একটি মৌলিক অধিকার এবং একটি সম্মিলিত স্বার্থ হিসেবে সুরক্ষা প্রদান করে, এবং দরিদ্রদের বিনামূল্যে মেডিক্যাল সেবা প্রদান করে। আইনে প্রদত্ত ক্ষেত্র বাদে, কাউকে কোন বিশেষ স্বাস্থ্য চিকিৎসা করতে বাধ্য করা যাবে না। আইন কোন পরিস্থিতিতেই ব্যক্তি মানুষের মর্য়দার জন্য প্রণীত সীমাগুলি লঙ্ঘন করতে পারবে না।

অনু. 33 বিজ্ঞান ও কলা সবার জন্য মুক্ত এবং সেগুলি বাধাধীন ভাবে পড়ানো যাবে। প্রজাতন্ত্র শিক্ষার জন্য সাধারণ নিয়মগুলি প্রণীত করেছে

এবং সমস্ত ধরনের এবং গ্রেডের জন্য স্টেট স্কুলগুলি স্থাপন করেছে। সংস্থা ও ব্যক্তির রাষ্ট্রের ক্ষেত্রে বাধ্যপ্রদান না করে, স্কুল ও শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করার অধিকার রয়েছে। আইন, অ-রাষ্ট্র স্কুলগুলির ক্ষেত্রে অধিকার ও বাধ্যবাধকতাপূর্ণ নির্ধারণ করে, সাম্যের জন্য অনুরোধ করে, অবশ্যই এই স্কুলগুলির জন্য পূর্ণ স্বাধীনতা নিশ্চিত করে এবং অবশ্যই নিশ্চিত করে যে, তাদের ছাত্র-ছাত্রীরা স্টেট স্কুলের ছাত্র-ছাত্রীদের মত সমান শিক্ষাগত মর্যাদা পাবে। বিভিন্ন ধরনের ও গ্রেডের স্কুলগুলিতে ভর্তির জন্য বা সেগুলি সমাপ্ত করার জন্য এবং একটি পেশা চালিয়ে যাওয়ার জন্য যোগ্যতামান পেতে রাষ্ট্রীয় পরীক্ষাগুলির ব্যবস্থা রয়েছে। রাষ্ট্রের আইনের আওতার মধ্যে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় এবং একাডেমী প্রতিষ্ঠানগুলির নিজেদের নিয়ম-কানুন স্থাপন করার অধিকার রয়েছে।

অনু. 34 স্কুলগুলি প্রত্যেকের জন্য উন্মুক্ত। প্রাথমিক শিক্ষা অন্তত: আট বছরের জন্য প্রদান করা হয় এবং এটি বাধ্যতামূলক ও বিনামূল্য। সম্বন্ধ ও যোগ্য ছাত্র-ছাত্রীরা, এমনকি পর্যাপ্ত আর্থিক সামর্থ্য না থাকলেও শিক্ষার উচ্চতম মাত্রা পাওয়ার অধিকারী। স্কুলারশীপ, পরিবারগুলিকে অর্থপ্রদান এবং অন্যান্য মাধ্যমে প্রজাতন্ত্র এই অধিকারটিকে কার্যকরী করে যা অবশ্যই প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্রদান করতে হবে।

## শিরোনাম ৩ অর্থনৈতিক সম্পর্কগুলি

অনু. 35 প্রজাতন্ত্র সমস্ত রূপে এবং প্রয়োগে কাজের সুরক্ষা দেয়। এটি কর্মীদের প্রশিক্ষণ ও পেশাগত উন্নয়নের ব্যবস্থা প্রদান করে। এটি সেসব আন্তর্জাতিক চুক্তি ও সংস্থাপনকে জুড়ে ধরে এবং উৎসাহ দেয়, যাদের নক্ষ্য হল শ্রমিক অধিকার রক্ষা এবং তা নিয়ন্ত্রণ করা। এটি আইনে প্রণীত বাধ্যবাধকতাকে সুরক্ষিত রেখে, অতিবাসনের স্বাধীনতাকে স্বীকৃতি দেয় এবং বিদেশে ইতালীয় শ্রমিকদের সুরক্ষা দেয়।

অনু. 36 কর্মীদের তাদের কাজের পরিমাণ ও মালের অনুপাতে বেতন পাওয়ার অধিকার রয়েছে এবং সমস্ত ক্ষেত্রেই তা যেন তাদের এবং তাদের পরিবারের জন একটি মুক্ত ও সম্মানজনক জীবনযাপন নিশ্চিত করার জন্য যথেষ্ট হয়। আইন দ্বারা সর্বাধিক কাজের দিনের সংখ্যা নির্ধারিত রয়েছে। কর্মীদের একটি সামগ্রিক বিশ্রামের দিন এবং সবেতন বার্ষিক ছুটি পাওয়ার অধিকার রয়েছে। তারা অধিকারটি ছেড়ে দিতে পারেন না।

অনু. 37 মহিলা কর্মীদের, পুরুষ কর্মীদের মত একই অধিকারগুলি এবং সমান কাজের জন্য একই বেতন পাওয়ার অধিকার রয়েছে। কাজের অবস্থা এরকম হবে যাতে, মহিলারা অবশ্যই তাদের অবশ্যপ্রয়োজনীয় পরিবারিক ভূমিকা পালন করতে পারেন এবং মা ও শিশুর জন্য বিশেষ যথাযথ সুরক্ষা নিশ্চিত করতে পারেন। আইনে সবেতন শ্রম দেওয়ার জন্য সবনিম্ন বয়স নির্ধারিত রয়েছে। প্রজাতন্ত্র বিশেষ সুযোগবলে ছোটদের কাজ করাকে সুরক্ষিত রাখে এবং সমগ্রপরিমাণ কাজের জন্য সমান অর্থ পাওয়ার অধিকার নিশ্চিত করে।

অনু. 38 কাজ করতে অক্ষম এবং বঁচে থাকার জন্য প্রয়োজনীয় উৎসহীন, এরকম প্রত্যেকের সামাজিক রক্ষণাবেক্ষণ ও সহায়তা পাওয়ার অধিকার রয়েছে। দুঃ ঘটনা, অসুস্থতা, অক্ষমতা ও বৃদ্ধ

বয়স এবং অ-স্বৈচ্ছামূলক কর্মহীনতার ক্ষেত্রেগুলিতে কর্মীদের অধিকার রয়েছে, তাদের প্রয়োজন ও দরকারগুলির জন্য নিশ্চিত পর্যাপ্ত উপায় পাওয়ার। অক্ষম ও প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা ও কর্ম প্রশিক্ষণ পাওয়ার অধিকার রয়েছে। এই অনুচ্ছেদে প্রণীত কর্তব্যগুলি রাষ্ট্র দ্বারা স্থাপিত বা পরিপূরিত সংস্থা ও শাখাগুলির জন্য প্রদত্ত রয়েছে।

অনু. 39 বাধ্যধীনভাবে ট্রেড ইউনিয়ন সংস্থাপন করা যাবে। আইনে প্রদত্ত ধারাগুলি অনুসারে, স্থানীয় ও কেন্দ্রীয় অফিসগুলিতে রেজিস্ট্রেশন বাদে ট্রেড ইউনিয়নগুলির উপর অন্য কোন বাধ্যবাধকতা আরোপ করা যাবে না। রেজিস্ট্রেশন করার একটি শর্ত হল, ট্রেড ইউনিয়নের নিয়মগুলির ক্ষেত্রে অভ্যন্তরীণ সংস্থার গণতান্ত্রিক ভিত্তিকে নিশ্চিত করতে হবে। রেজিস্ট্রার ট্রেড ইউনিয়নগুলি হল আইনসম্মত ব্যক্তি। তারা তাদের সংখ্যার অনুপাতে একটি প্রতিনিধি ইউনিটের মাধ্যমে, সম্মিলিত শ্রম চুক্তিতে যোগ দিতে পারে যা চুক্তিতে উল্লেখকৃত শ্রেণীর অন্তর্গত সমস্ত ব্যক্তিদের জন্য একটি আবদ্ধীকরণ প্রভাব ফেলেবে।

অনু. 40, শিল্পক্ষেত্রে কর্মধারাগুলি, এর নিয়ন্ত্রণকারী আইন অনুসারে করতে হবে।

অনু. 41 মুক্তভাবে বেসরকারী আর্থিক উদ্যোগ নেওয়া যাবে। জনগণের মঙ্গলের বিরোধী হলে বা নিরাপত্তা, স্বাধীনতা এবং মানুষের মর্যাদার ক্ষতি করে তা করা যাবে না। আইন যথাযথ পরিকল্পনা এবং নিয়ন্ত্রণগুলি নির্ধারণ করে, যাতে সরকারী ও বেসরকারী আর্থিক কার্যক্রমগুলিকে নির্দেশনা দেওয়া যায় এবং সামাজিক উদ্দেশ্যগুলির সাথে সমন্বয় সাধন করা যায়।

অনু. 42, সম্পত্তি সরকারী বা ব্যক্তিগত হতে পারে। আর্থিক জিনিসগুলি রাষ্ট্রের, সংস্থাপনকারী বা ব্যক্তির হয়ে থাকে। ব্যক্তিগত সম্পত্তিগুলিকে স্বীকার করা হয় এবং আইনবলে তার নিশ্চয়তা দেওয়া হয়, যেখানে এর সামাজিক কার্যকারিতা এবং সবার কাছে এটিকে উপলব্ধ করা নিশ্চিত করার জন্য কিভাবে এটিকে আয়ত্ব করা হয়, ভোগ করা হয় এবং এর সীমাগুলি প্রস্তাবিত রয়েছে। ব্যক্তিগত সম্পত্তিগুলিকে জনগণের মঙ্গলের কারণে অধিগ্রহণ করা যেতে পারে, তবে এটি ক্ষেত্রগুলিতে আইন অনুসরণ করতে হবে এবং ক্ষতিপূরণের ধারাগুলি পূরণ করতে হবে। আইন দ্বারা বিশ্ববৃদ্ধি ও মনোনিয়ন্ত্রণমূলক উত্তরাধিকারের নিয়ম ও সীমাগুলি এবং উত্তরাধিকারের প্রলে রাষ্ট্রের অধিকারগুলি নির্ধারণ করা আছে।

অনু. 43 সাধারণ হিতের প্রয়োজনে আইন অনুযায়ী, অধিগ্রহণ ও ক্ষতিপূরণ প্রদানের মাধ্যমে রাষ্ট্রকে, সরকারী সংস্থাকে বা কর্মী সম্প্রদায়কে বা ব্যবহারকারীদের, বিশেষ উদ্যোগকে বা উদ্যোগে শ্রেণিগুলিকে যেগুলি অবশ্যপ্রয়োজনীয় জন পরিষেবা বা শক্তি বা একচেটিয়ামূলক পরিস্থিতির সাথে সম্পর্কিত এবং যেগুলির ক্ষেত্রে প্রাথমিক সাধারণ স্বার্থ যুক্ত রয়েছে, সেই ক্ষেত্রগুলিতে শুল্ক থেকে সংরক্ষণ করা বা স্থানান্তর করা যাবে।

অনু. 44 মাটির একটি যুক্তিগ্রাহ্য ক্ষতি থেকে সুরক্ষিত করার কারণে এবং সামাজিক সম্পর্কগুলিতে সমতা স্থাপনের উদ্দেশ্যে, আইন ভঙ্গির ব্যক্তিগত মালিকানার উপর বাধ্যবাধকতা ও সীমা আরোপ করেছে, অঞ্চল ও কৃষি এলাকা অনুযায়ী পরিবর্তনের উপর সীমা আরোপ করেছে, জমি কিরিয়ে আনা, বড় এস্টেটগুলির রূপ পরিবর্তন এবং উৎপাদনশীল ইউনিটগুলির পূর্বসম্মতের ব্যাপারে উৎসাহ দিচ্ছে এবং



বাধ্য করছে, ছোট ও মান্যারি আকারের সম্পত্তিগুলিকে সহায়তা করছে। পাহাড়ী এলাকাগুলির সমর্থনে আইনে ধারাগুলি রয়েছে।

**অনু. 45** প্রজাতন্ত্র পারস্পরিক প্রকৃতির এবং ব্যক্তিগত স্বার্থ-রহিত সহযোগিতার সামাজিক কার্যকারিতাকে স্বীকার করে। আইন যথাযথ উপায়ে মাধ্যমে সেগুলিকে তুলে ধরে এবং উৎসাহিত করে এবং যথাযথ নিয়ন্ত্রণের মাধ্যমে সেগুলির প্রকৃতি ও উদ্দেশ্যগুলিকে নিশ্চিত করে। হস্তশিল্পকে রক্ষা করা ও তুলে ধরার জন্য আইনে পদ্ধতিগুলি রয়েছে।

**অনু. 46** শ্রমের ক্ষেত্রে আর্থিক উন্নয়নের ও সামাজিক উন্নতির উদ্দেশ্য নিয়ে এবং উৎপাদনের সাথে মানুষের বজায় রেখে, প্রজাতন্ত্র আইনে প্রতিষ্ঠিত উপায় ও সীমার মধ্যে থেকে, উদ্যোগগুলির পরিচালনায় কর্মীদের অধিকারগুলির সম্মিলনের স্বীকৃতি দেয়।

**অনু. 47** প্রজাতন্ত্র সমস্ত ধরণের সম্বন্ধে উৎসাহ দেয় এবং সুরক্ষা প্রদান করে; এটি ঋণদানের প্রক্রিয়াকে শৃঙ্খলাবদ্ধ, সমন্বিত এবং নিয়ন্ত্রণ করে। এটি আবাসনের মালিকানা, সরাসরি চাষের জমিতে, পরোক্ষভাবে দেশের বড় উৎপাদন কমপ্লেক্সগুলির অংশীদারীতে বিনিয়োগে জনপ্রিয় সম্বন্ধগুলি গ্রহণে উৎসাহ দেয়।

## শিরোনাম ৪

### রাজনৈতিক অধিকারগুলি

**অনু. 48** সমস্ত নাগরিক, পুরুষ বা মহিলা, যারা প্রাপ্তবয়স্ক হয়েছেন, তারা হলেন নির্বাচক। ভোটটি হল ব্যক্তিগত ও সমান, মুক্ত এবং গোপনীয়। এই কাজটি করা একটি গণ দায়িত্ব, এক্ষেত্রে পার্লামেন্ট এই শর্ত ও পদ্ধতিগুলি নির্ধারণ করে যার মাধ্যমে প্রবাসী ইতালীয় নাগরিকরা ইতালীয় নির্বাচনে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন এবং যেটি এর কার্যকারিতার নিশ্চয়তা দেবে। এই কারণে একটি 'বিদেশী আসন' তৈরী করতে হবে যেখানে সংসদের উভয় ভবনের সদস্যরা নির্বাচিত হবেন। একটি সাংবিধানিক আইন অনুসারে আসনের সংখ্যা নির্ধারণ করা হবে এবং এক্ষেত্রে পার্লামেন্টে প্রণীত শর্তগুলি অনুসরণ করতে হবে। আইনে প্রণীত ধারা অনুযায়ী, সাধারণ

অক্ষমতা বা অসংশোধনীয় শাস্তির ফলাফল হিসেবে বা নৈতিক মূল্যবোধহীনতার ক্ষেত্রগুলি বাদে ভোটাধিকার বাধা দেওয়া যাবে না।

**অনু. 49** সমস্ত নাগরিকদের মুক্তভাবে দলগুলির সাথে যুক্ত হওয়ার অধিকার রয়েছে যাতে তারা জাতীয় নীতিগুলি নির্ধারণের জন্য গণতান্ত্রিক প্রক্রিয়ার মাধ্যমে অবদান রাখতে পারেন।

**অনু. 50** সমস্ত নাগরিকরা আইনী পদক্ষেপ নেওয়ার অনুরোধ করে বা সম্মিলিত প্রয়োজন প্রকাশ করে উভয় ক্ষেত্রে আবেদন পেশ করতে পারেন।

**অনু. 51** আইনে প্রদত্ত শর্ত অনুযায়ী, সমস্ত নাগরিকরা লিঙ্গ নির্বিশেষে সরকারী দপ্তরের জন্য এবং সমান সময়কালের নির্বাচিত পদগুলির জন্য যোগ্য। আইন, প্রজাতন্ত্রের অধিবাসী নয় এরকম ইতালীয়দের, সরকারী অফিস ও নির্বাচিত পদ গ্রহণের জন্য নাগরিকদের মত সমান অধিকার মঞ্জুর করতে পারে। একটি নির্বাচিত সরকারী দপ্তরের দায়িত্ব পালনের জন্য যাকেই ডাকা হোক, তার সেই কাজ সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সময় এবং তার কাজের জায়গা সংরক্ষণের অধিকার থাকবে।

**অনু. 52** পিতৃত্বমি রক্ষা করা প্রতিটি নাগরিকের পবিত্র দায়িত্ব। আইনে নির্ধারিত সীমা ও উপায়ের মধ্যে সামরিক সার্ভিস বাধ্যতামূলক। এর পরিপূরণ একজন নাগরিকের কাজ বা রাজনৈতিক অধিকার পালনের প্রতি পক্ষপাত করবে না। সশস্ত্র বাহিনীর নিয়ম-কানুন প্রজাতন্ত্রের গণতান্ত্রিক ভাবধারার উপর ভিত্তি করে তৈরী করা হয়েছে।

**অনু. 53** সরকারী ব্যয়ে প্রত্যেকে তার সামর্থ অনুযায়ী অবদান রাখবেন। প্রগতির মাপকাঠির উপর ভিত্তি করে কর ব্যবস্থাটি তৈরী করা হবে।

**অনু. 54** সমস্ত নাগরিকদের দায়িত্ব হল প্রজাতন্ত্রের অনুগত থাকা এবং এর সংবিধান ও আইনকে রক্ষা করা। যেসব নাগরিকদের উপর সরকারী কর্মকান্ডের ভার ন্যস্ত করা হয়েছে, তাদের কর্তব্য হল আইনে প্রণীত ধারাগুলি অনুযায়ী, শপথগ্রহণ করে শৃঙ্খলা ও সম্মানের সাথে এই কর্মকান্ডগুলিকে সম্পূর্ণ করা।